# সপ্তম অধ্যায়: বাংলাদেশের শিল্প

## পরীক্ষায় কমন পেতে আরও প্রশ্ন ও উত্তর

**প্রশ্ন ▶ ১** জনাব সাদেক তার পরিবারের সদস্যদের নিয়ে মাটি দিয়ে বিভিন্ন ধরনের শোপিস, ফুলদানি তৈরি এবং নিজের দোকানেই সেগুলো বিক্রি করেন। অন্যদিকে জনাব কবির ১১৫ জন শ্রমিক নিয়ে চামড়ার তৈরি জুতা ও ব্যাগ তৈরি করেন। তার তৈরিকৃত পণ্য দেশের চাহিদা মিটিয়ে বাইরেও রপ্তানি করা হয়। ◀ *শিখনফল-১ ও ৩*

ক. ক্রয় ও বিক্রয়মূল্যের ব্যবধানকে কী বলে? ১
খ. বৃহৎ শিল্প বলতে কী বোঝায়? ব্যাখ্যা করো। ২
গ. জনাব সাদেকের স্থাপিত শিল্পের বর্ণনা দাও। ৩
ঘ. বাংলাদেশের মতো উন্নয়নশীল দেশে জনাব কবিরের শিল্পের অবদান মূল্যায়ন করো। ৪

### ১ নং প্রশ্নের উত্তর

**ক** ক্রয় ও বিক্রয়মূল্যের ব্যবধানকে মোট লাভ বা ক্ষতি বলে।

**খ** বৃহৎ শিল্প হলো বৃহৎ পুঁজি, ব্যাপক জনশক্তি, প্রযুক্তি ও ব্যবস্থাপনার সমষ্টি।

এ শিল্পের ক্ষেত্রে উৎপাদনমুখী শিল্প প্রতিষ্ঠানে জমি এবং কারখানা ভবন ছাড়াও অন্যান্য স্থায়ী সম্পদের মূল্য প্রতিস্থাপন ব্যয়সহ ৩০ কোটি টাকার বেশি বা ২৫০ জনের বেশি শ্রমিক কর্মরত থাকে। সেবামূলক শিল্পের ক্ষেত্রে সম্পদের মূল্য ও প্রতিস্থাপন ব্যয়সহ ১৫ কোটি টাকার বেশি এবং ১০০ জনের বেশি শ্রমিক কর্মরত থাকে।

**গ** জনাব সাদেকের স্থাপিত শিল্পটি হলো কুটির শিল্প।

পরিবারের সদস্যদের সহায়তায় স্বল্প মূলধন ও সীমিত আয়তনে, ব্যক্তিগত নৈপুণ্য ও সৃজনশীলতায় কুটির শিল্প গড়ে ওঠে। জমি এবং কারখানা ভবন ছাড়া এর স্থায়ী সম্পদের মূল্য (প্রতি স্থাপন ব্যয়সহ) ৫ লক্ষ টাকার কম হয়। এই শিল্পে পরিবারের সদস্যসহ সর্বোচ্চ জনবল ১০ জনের বেশি হয় না।

উদ্দীপকের জনাব সাদেক তার পরিবারের সদস্যদের নিয়ে মাটি দিয়ে বিভিন্ন ধরনের শো-পিস, ফুলদানি তৈরি এবং তা নিজের দোকানে বিক্রি করেন। এসব সামগ্রী মৃৎ কুটির শিল্পের অন্তর্ভুক্ত। জনাব সাদেকের শিল্পটি পরিবারের সদস্যদের মাধ্যমে পরিচালিত হয়। এর সাথে কুটির শিল্পের বৈশিষ্ট্যের মিল আছে। তাই জনাব সাদেকের স্থাপিত শিল্পটিকে পণ্যের ধরন ও জনবল বিবেচনায় কুটির শিল্প বলা যায়।

**ঘ** বাংলাদেশের মতো উন্নয়নশীল দেশে জনাব কবিরের মাঝারি শিল্পের অবদান অত্যন্ত গুরুত্বপূর্ণ বলে আমি মনে করি।

এ ধরনের শিল্পে জমি এবং কারখানা ভবন ছাড়া মোট স্থায়ী সম্পদের মূল্য ১০ কোটি থেকে ৩০ কোটি টাকা পর্যন্ত হয়। এতে ১০০-২৫০ জন শ্রমিক কর্মরত থাকে। সঞ্চয় বাড়ানো, কর্মসংস্থান তৈরি, স্থানীয় সম্পদের সদ্ব্যবহার ও অর্থনৈতিক উন্নয়নে এরূপ শিল্পের ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ।

উদ্দীপকের জনাব কবিরের প্রতিষ্ঠানে ১১৫ জন শ্রমিক কর্মরত আছে। তিনি চামড়া দিয়ে জুতা ও ব্যাগ তৈরি করেন। তার তৈরিকৃত এসব পণ্য দেশের চাহিদা মিটিয়ে বাইরেও রপ্তানি করা হয়। জনাব কবিরের স্থাপিত এ শিল্পটি হলো মাঝারি শিল্প। তার এ শিল্পের মাধ্যমে নতুন কর্মসংস্থানের সৃষ্টি হয়েছে। ফলে কর্মীরা নিজেদের ও পরিবারের আর্থিক কল্যাণ করতে পারছে। এতে কর্মীদের জীবনযাত্রার মান উন্নত হচ্ছে। আবার, তৈরিকৃত পণ্য দিয়ে দেশের চাহিদা মেটানোর মাধ্যমে স্থানীয় কাঁচামালের সদ্ব্যবহার করা সম্ভব হচ্ছে। অন্যদিকে ব্যক্তিগত নৈপুণ্যও বাড়ছে। এছাড়া পণ্য রপ্তানির মাধ্যমে বৈদেশিক মুদ্রা আয় করা সম্ভব হচ্ছে। ফলে শিল্পটি বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়নে সহায়ক ভূমিকা রাখছে। অতএব, বাংলাদেশের মতো উন্নয়নশীল দেশের জন্য জনাব সাদেকের এ শিল্পের ভূমিকা গুরুত্বপূর্ণ।

**প্রশ্ন ▶ ২** রাবেয়া বাসায় হাতে তৈরির বিভিন্ন পণ্য তৈরি করে স্থানীয় বাজারে বিক্রি করেন। তার পরিবারের অন্য সদস্যরা তার এ কাজে সাহায্য করে। গুণগত মান ভালো হওয়ার কারণে দিন দিন এর চাহিদা বাড়তে থাকে। কিন্তু তিনি চাহিদা মতো তা সরবরাহ করতে পারছেন না। পরবর্তীতে তিনি ব্র্যাক থেকে কিছু ঋণ নিয়ে ব্যবসায় সম্প্রসারণের পরিকল্পনা করছেন। ◀ *শিখনফল-১ ও ৩*

ক. সিআইপি কী? ১
খ. উৎপাদন কেন্দ্র উন্নয়নে ব্র্যাকের ভূমিকা ব্যাখ্যা করো। ২
গ. রাবেয়ার কাজটি কোন শিল্পের অন্তর্গত? বর্ণনা করো। ৩
ঘ. রাবেয়া কেন ব্র্যাক থেকে ঋণ নেওয়ার কথা ভাবলেন তা বিশ্লেষণ করো। ৪

### ২ নং প্রশ্নের উত্তর

**ক** সিআইপি (CIP)-এর পূর্ণরূপ হলো— Commercially Important Person।

*সহায়ক তথ্য*

দেশের বেসরকারি খাতের মাধ্যমে সামগ্রিকভাবে জাতীয় অর্থনীতিতে অবদান রাখার জন্য সরকার বাণিজ্যিকভাবে গুরুত্বপূর্ণ ব্যক্তি বা সিআইপি (CIP) নির্বাচন করে।

**খ** ব্র্যাক হলো পৃথিবীর সর্ববৃহৎ এনজিও বা বেসরকারি উন্নয়ন সংস্থা।

এটি বিভিন্ন আধুনিক ডিজাইন ও প্রযুক্তি ব্যবহার করে গ্রামীণ শিল্পজাত সামগ্রীর মান উন্নয়ন ও উৎপাদন বাড়াচ্ছে। আবার, দেশের ঐতিহ্যবাহী কারুশিল্প (সিল্ক, জামদানি, নকশিকাঁথা প্রভৃতি) উন্নয়নেও কাজ করে। এছাড়া ব্র্যাক-এর নিজস্ব ডেইরি ফার্ম ও বিপণি কেন্দ্র (আড়ং) আছে। আর এসব কাজের মাধ্যমে ব্র্যাক উৎপাদন কেন্দ্র উন্নয়নে ভূমিকা রাখছে।

**গ** রাবেয়ার কাজটি কুটির শিল্পের অন্তর্ভুক্ত।

এ শিল্প ব্যক্তিগত নৈপুণ্য ও সৃজনশীলতায় গড়ে ওঠে। সাধারণত পরিবারের সদস্যরা এ ধরনের কাজে সহায়তা করে। এমন শিল্পে জমি ও কারখানা ভবন ছাড়া এর স্থায়ী সম্পদের মূল্য পাঁচ লক্ষ টাকার কম হয়।

উদ্দীপকের রাবেয়া তার বাসায় বিভিন্ন পণ্য হাতে তৈরি করে স্থানীয় বাজারে বিক্রি করেন। তার পরিবারের সদস্যরাই তার এ কাজে সাহায্য করে। এ থেকে বোঝা যায়, তার ব্যবসায়ের আকার অত্যন্ত ছোট। উৎপাদিত পণ্যের গুণগত মান ভালো হওয়ায় দিন দিন এর চাহিদাও বাড়ছে। এ ধরনের ব্যবসায়ে সাধারণত স্থানীয় কাঁচামাল ব্যবহার করা হয়। আর এই বৈশিষ্ট্যগুলোর সাথে কুটির শিল্পের মিল আছে। তাই বলা যায়, রাবেয়ার কাজটি কুটির শিল্পের অন্তর্ভুক্ত।

**ঘ** সহজ শর্ত ও কম সুদে অর্থ পাওয়া যায় বলে রাবেয়া ব্র্যাক থেকে ঋণ নেওয়ার কথা ভাবলেন।

ব্র্যাক পৃথিবীর সবচেয়ে বড় বেসরকারি উন্নয়ন সংস্থা। এটি উদ্যোক্তাদের সহজ শর্তে ঋণ দিয়ে থাকে। আবার, সংস্থাটির দেওয়া ঋণের ক্ষেত্রে সুদের হার তুলনামূলক কম হয়। এছাড়া উদ্যোক্তা উন্নয়নেও এটি গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে।

উদ্দীপকের রাবেয়া নিজের বাসায় হাতে তৈরি বিভিন্ন পণ্য তৈরি করে স্থানীয় বাজারে বিক্রি করেন। তার পরিবারের সদস্যরা তার এ কাজে সাহায্য করে। গুণগত মান ভালো হওয়ার কারণে দিন দিন এর চাহিদা বাড়তে থাকে। কিন্তু তিনি চাহিদা অনুযায়ী পণ্য সরবরাহ করতে পারছেন না। তাই তিনি ব্র্যাক থেকে ঋণ নিয়ে ব্যবসায় সম্প্রসারণের পরিকল্পনা করছেন।

ঋণ নিতে রাবেয়ার ব্র্যাককে নির্বাচনের অন্যতম কারণ হলো সহজ শর্ত। কারণ, ব্র্যাক সহজ শর্তে উদ্যোক্তাদের ঋণ দিয়ে থাকে। ফলে তাকে অতিরিক্ত ঝামেলায় পড়তে হবে না। আবার, ব্র্যাক অন্যান্য সংস্থার তুলনায় কম সুদে ঋণ সরবরাহ করে। এতে তিনি অতিরিক্ত সুদের বোঝা ও চিন্তা থেকে মুক্তি পাবেন। এছাড়া সংস্থাটি ক্ষুদ্র শিল্প উন্নয়নে কাজ করে থাকে। ফলে রাবেয়া তার ব্যবসায় সম্প্রসারণে বিভিন্ন সহায়তাও পাবেন। অতএব, সহজশর্ত ও কম সুদের হারের জন্যই রাবেয়া ব্র্যাক থেকে ঋণ নেওয়ার কথা ভাবলেন।

**প্রশ্ন ▶৩** জনাব রোহান পিতার অবসরের ৬০ লক্ষ টাকা দিয়ে গাজীপুরে একটি চামড়ার ব্যাগের কারখানা স্থাপন করেন। তিনি কিছু কর্মী নিয়োগ দেন, যারা তেমন দক্ষ ছিল না। প্রথম বছর লাভবান হতে না পারলেও দ্বিতীয় বছর থেকে প্রচুর মুনাফা অর্জন করতে সক্ষম হন।

◀ *শিখনফল-৪*

ক. কুটির শিল্পে সর্বোচ্চ জনবলের সংখ্যা কত? ১

খ. সেবা শিল্প কী? উদাহরণসহ ব্যাখ্যা করো। ২

গ. জনাব রোহানের চামড়া ব্যাগের কারখানা কোন ধরনের শিল্প? ব্যাখ্যা করো। ৩

ঘ. জনাব রোহানের কারখানায় উৎপাদিত পণ্য দেশের অর্থনৈতিক উন্নয়নে অবদান রাখে— বিশ্লেষণ করো। ৪

### ৩ নং প্রশ্নের উত্তর

**ক** কুটির শিল্পের সর্বোচ্চ জনবল দশ জন।

**খ** যন্ত্রপাতি কিংবা স্থায়ী সম্পদ বা মেধাসম্পদ ব্যবহারের মাধ্যমে যেসব সেবামূলক কাজ করা হয়, তাকে সেবা শিল্প বলে।

এ শিল্পকে কুটির, ক্ষুদ্র, মাঝারি ও বৃহৎ এই চারভাগে ভাগ করা হয়। এছাড়া এটির বিনিয়োগের পরিমাণ উৎপাদনমুখী শিল্পের তুলনায় কম। মাছ আহরণ, নির্মাণ শিল্প ও হাউজিং, অটোমোবাইল সার্ভিসিং, বিনোদন শিল্প, ফুল চাষ, পর্যটন ও সেবা, হাসপাতাল ও ক্লিনিক, প্রভৃতি এ শিল্পের অন্তর্ভুক্ত।

**গ** জনাব রোহানের চামড়া ব্যাগের কারখানাটি হলো ক্ষুদ্র শিল্প।

এ শিল্প স্থাপনে ৫০ লক্ষ থেকে ১০ কোটি টাকা বিনিয়োগ করা হয়। এমন শিল্পে ২৫ থেকে ৯৯ জন শ্রমিক কাজে নিয়োজিত থাকে। মূলধন ও শ্রমিক কম বলে এখানে উৎপাদনের পরিমাণও কম হয়ে থাকে।

উদ্দীপকের জনাব রোহান গাজীপুরে একটি চামড়ার ব্যাগের কারখানা স্থাপন করেন। প্রতিষ্ঠানটি স্থাপনে তার বিনিয়োগের পরিমাণ ৬০ লক্ষ টাকা। আবার, এমন শিল্পে সাধারণত ২৫ থেকে ৯৯ জন শ্রমিক কাজ করে। শ্রমিক কম থাকায় এখানে উৎপাদনও কম হয়ে থাকে। এ বৈশিষ্ট্যগুলোর সাথে ক্ষুদ্র শিল্পের মিল আছে। সুতরাং, জনাব রোহান ক্ষুদ্র শিল্পে নিয়োজিত আছেন।

**ঘ** জনাব রোহানের কারখানায় উৎপাদিত পণ্য দেশের অর্থনৈতিক উন্নতিতে অবদান রাখে বলে আমি মনে করি।

পণ্য বা সেবাকে কেন্দ্র করে ব্যবসায় গড়ে ওঠে। এগুলো বিক্রি করে ব্যবসায় প্রতিষ্ঠান মুনাফা অর্জন করে। আর ক্রেতারা পণ্য বা সেবা কিনে নিজেদের প্রয়োজন মিটিয়ে থাকে। এই উৎপাদন ও কেনা-বেচার ফলে সার্বিকভাবে দেশের আর্থনীতি সমৃদ্ধ হয়।

উদ্দীপকের জনাব রোহান পিতার অবসরের ৬০ লক্ষ টাকা দিয়ে গাজীপুরে একটি চামড়ার ব্যাগের কারখানা স্থাপন করেন। তিনি কিছু কর্মী নিয়োগ দেন। তারা তেমন দক্ষ ছিল না। কিন্তু জনাব রোহান প্রথম বছরে লাভবান হতে না পারলেও দ্বিতীয় বছর থেকে প্রচুর মুনাফা অর্জন করতে সক্ষম হন।

জনাব রোহান তার কারখানাতে চামড়া থেকে ব্যাগ উৎপাদন করেন। এই ব্যাগ উৎপাদনে তিনি কিছু শ্রমিক নিয়োগ দেন। এতে তাদের অর্থনৈতিক অবস্থার উন্নতি হচ্ছে। বাংলাদেশে চামড়া খুবই সস্তা এবং সহজলভ্য। ফলে চামড়ার যথাযথ ব্যবহার নিশ্চিত হচ্ছে। অবার, তার উৎপাদিত চামড়ার ব্যাগের বিদেশে প্রচুর চাহিদা আছে। তাই তিনি বিদেশে চামড়ার ব্যাগ রপ্তানি করতে পারবেন। ফলে তিনি প্রচুর বৈদেশিক মুদ্রা অর্জন করতে পারবেন। এতে দেশের জাতীয় আয় বাড়বে। এর পাশাপাশি বৈদেশিক মুদ্রার রিজার্ভও বেড়ে যাবে। এভাবে দেশের অর্থনৈতিক উন্নয়নে জনাব রোহানের উৎপাদিত পণ্য অবদান রাখছে।

**প্রশ্ন ▶৪** ছাত্ররা একটি সিমেন্ট কারখানায় গিয়ে দেখল কীভাবে সিমেন্ট তৈরি হয়। তারা অনেক পাথর দেখল। এ পাথরই সিমেন্ট তৈরির কাঁচামাল।

◀ *শিখনফল-৬ ও ৭*

ক. শ্রমঘন শিল্প কোনটি? ১

খ. বাংলাদেশে তৈরি পোশাক শিল্পের অভাবনীয় উন্নতির কারণ ব্যাখ্যা করো। ২

গ. ছাত্রদের দেখা শিল্প কারখানাটি কোন ধরনের শিল্প? বিশ্লেষণ করো। ৩

ঘ. বাংলাদেশের জাতীয় উন্নয়নে সিমেন্ট শিল্পের অবদান মূল্যায়ন করো। ৪

### ৪ নং প্রশ্নের উত্তর

**ক** ক্ষুদ্র, মাঝারি ও কুটির শিল্প হলো শ্রমঘন শিল্প।

**খ** বাংলাদেশের তৈরি পোশাক শিল্পের অভাবনীয় উন্নতির কারণ হলো সস্তা শ্রম ও কাঁচামালের সহজলভ্যতা।

এদেশে তৈরি পোশাক শিল্পের জন্য উপযুক্ত পরিবেশ বিদ্যমান। এখানে পর্যাপ্ত পরিমাণ শ্রমিকের যোগান আছে। আবার তাদের পারিশ্রমিকও অত্যন্ত কম, যা কম খরচে পোশাক উৎপাদন করতে সাহায্য করে। এছাড়া এ শিল্পের জন্য প্রয়োজনীয় কাঁচামালও এদেশে সহজলভ্য। এসবই বাংলাদেশের তৈরি পোশাক শিল্পের অভাবনীয় উন্নতির কারণ।

**গ** ছাত্রদের দেখা শিল্পটি হলো উৎপাদনমুখী বৃহৎ শিল্প।

এ শিল্প স্থাপনে জমি ও কারখানা ভবন ছাড়াও স্থায়ী সম্পদের মূল্য প্রতিস্থাপন খরচসহ ৩০ কোটি টাকার বেশি প্রয়োজন হয়। এ ধরনের শিল্পে ২৫০ জন বা তার বেশি শ্রমিক নিয়োজিত থাকে।

উদ্দীপকের ছাত্ররা একটি কারখানা পরিদর্শনে যায়। তারা দেখল সেখানে সিমেন্ট উৎপাদন করা হয়। এমন শিল্প স্থাপনের জন্য ৩০ কোটি টাকার বেশি মূলধন প্রয়োজন হয়। এছাড়া শিল্পটিতে উৎপাদন ও পরিচালনার জন্য ২৫০ জন বা তার বেশি শ্রমিককে কাজে নিয়োজিত থাকতে হয়। অন্যদিকে শিল্পটিতে উৎপাদনের পরিমাণও অনেক বেশি

হয়। তাই উৎপাদন, মূলধন ও শ্রমিক সংখ্যার ভিত্তিতে বলা যায় ছাত্রদের দেখা শিল্পটি হলো একটি উৎপাদনমুখী বৃহৎ শিল্প।

**ঘ** বাংলাদেশের জাতীয় উন্নয়নে সিমেন্ট শিল্পের অবদান ইতিবাচক।

সিমেন্ট শিল্প হলো উৎপাদনমুখী বৃহৎ শিল্প। যেকোনো বৃহৎ শিল্প কর্মসংস্থানের সুযোগ সৃষ্টিতে ব্যাপক ভূমিকা রাখে। এতে দেশের আর্থ-সামাজিক উন্নয়ন ত্বরান্বিত হয়।

উদ্দীপকের ছাত্ররা একটি সিমেন্ট কারখানা পরিদর্শনে যায়। তারা কারখানাটিতে সিমেন্ট উৎপাদনের প্রক্রিয়া দেখতে পায়। এছাড়া তারা উৎপাদনের কাঁচামাল পাথরও দেখতে পায়।

ছাত্রদের পরিদর্শিত সিমেন্ট কারখানাটি হলো একটি উৎপাদনমুখী বৃহৎ শিল্প। এ শিল্পে অনেক মানুষের কর্মসংস্থানের সুযোগ হয়। এতে কাজ করে তারা নিজেদের আর্থিক অবস্থার উন্নয়ন করতে পারে। ফলে তাদের বেকারত্বও কমে যায়। এছাড়া শিল্পের সাথে পরোক্ষভাবে জড়িত (বিপণন, পরিবহন প্রভৃতি) থেকে আরও অনেকেই জীবিকা নির্বাহ করতে পারে। অন্যদিকে শিল্পটি জাতীয় উৎপাদন ও আয় বাড়াতেও সাহায্য করে। আবার, বৃহৎ শিল্প হওয়ায় এ শিল্প থেকে সরকার করও অনেক বেশি পায়। ফলে দেশ অর্থনৈতিকভাবে সমৃদ্ধ হয়। অতএব, বাংলাদেশের জাতীয় উন্নয়নে সিমেন্ট শিল্পের অবদান অনস্বীকার্য।

## প্রশ্নব্যাংক

**প্রশ্ন ▶ ৫** "বাংলাদেশ ফিনিশড লেদার" জুতা, ব্যাগসহ নানা ধরনের চামড়াজাতীয় পণ্য বিদেশে রপ্তানি করে প্রতি বছর আয় করেছে হাজার কোটি ডলার। এখানে কাজ করেছে প্রায় ৩৫০ জন শ্রমিক।

*◀ শিখনফল-৬ ও ৭*

ক. শিল্প কাকে বলে? ১

খ. "ব্যবসায় সম্পদের যথাযথ ব্যবহার ও অর্থনৈতিক উন্নয়নকে ত্বরান্বিত করে"— ব্যাখ্যা করো। ২

গ. "বাংলাদেশ ফিনিশড লেদার" কোন ধরনের শিল্প তা ব্যাখ্যা করো। ৩

ঘ. "বাংলাদেশ ফিনিশড লেদার"-এর অর্থনৈতিক অবদান বিশ্লেষণ করো। ৪

### ৫ নং প্রশ্নের উত্তর

**ক** প্রকৃতি থেকে সংগৃহীত সম্পদকে কারখানায় যন্ত্রপাতির মাধ্যমে মাধ্যমিক বা চূড়ান্ত দ্রব্যে রূপান্তর করার প্রক্রিয়া হলো শিল্প।

**খ** মুনাফা অর্জনের উদ্দেশ্যে বৈধভাবে পরিচালিত যাবতীয় অর্থনৈতিক কাজকে (উৎপাদন, ক্রয়, বিক্রয় প্রভৃতি) ব্যবসায় বলে।

এর মাধ্যমে পণ্যদ্রব্য উৎপাদন ও কেনা-বেচা করা হয়। উৎপাদনের ফলে সম্পদ অব্যবহৃত থাকে না। ফলে সম্পদের অপচয় কমে যায়। আবার, ব্যবসায়ের মাধ্যমে কর্মসংস্থান সৃষ্টি ও জাতীয় আয় বেড়ে যায়। ফলে অর্থনৈতিক উন্নয়ন ত্বরান্বিত হয়।

*সুপার টিপ্স: প্রয়োগ ও উচ্চতর দক্ষতার প্রশ্নের উত্তরের জন্য অনুরূপ যে প্রশ্নের উত্তরটি জানা থাকতে হবে—*

**গ** উৎপাদনমুখী বৃহৎ শিল্পের বৈশিষ্ট্য ব্যাখ্যা করো।

**ঘ** অর্থনৈতিক উন্নয়নে বৃহৎ শিল্পের অবদান মূল্যায়ন করো।

**প্রশ্ন ▶ ৬** প্রমা তার পরিবারের সদস্যদের নিয়ে মোম আর শোপিস তৈরি করে বাজারে বিক্রি করে বেশ ভালোই মুনাফা অর্জন করছে। তার কাজটি দেখে প্রতিবেশী বেকার আর্শিফা উদ্বুদ্ধ হয়ে অনুরূপ একটি কারখানা স্থাপনের উদ্যোগ নেন।

*◀ শিখনফল-১ ও ২*

ক. শিল্প কী? ১

খ. ক্ষুদ্র ও কুটির শিল্প স্থাপনে বাজার তথ্য বিবেচনা করার কারণ ব্যাখ্যা করো। ২

গ. প্রতিবেশী আর্শিফার কারখানা স্থাপনের জন্য কী কী পদক্ষেপ নিতে হবে? ব্যাখ্যা করো। ৩

ঘ. "বাংলাদেশের প্রেক্ষাপটে প্রমা ও আর্শিফার স্থাপিত শিল্পের ভূমিকা অনস্বীকার্য"— উক্তিটি মূল্যায়ন করো। ৪

### ৬ নং প্রশ্নের উত্তর

**ক** প্রকৃতি থেকে পাওয়া সম্পদ কারখানায় যন্ত্রের মাধ্যমে মানুষের ব্যবহার উপযোগী পণ্যে রূপান্তর করা হলো শিল্প।

**খ** পণ্য উৎপাদন ও বাজারজাতকরণে বাজার তথ্য বিবেচনা করা অপরিহার্য।

বাজারে কোন পণ্যের চাহিদা আছে, কোথায় এবং কীভাবে উৎপাদিত পণ্যদ্রব্য বাজারজাতকরণ করা হবে এবং সরকারি নীতিমালা সংক্রান্ত তথ্যাবলি জানা ক্ষুদ্র ও কুটির শিল্প স্থাপনে অত্যন্ত জরুরি। তাই সঠিক বাজার তথ্য ক্ষুদ্র ও কুটির শিল্প স্থাপনে অন্যতম বিবেচ্য বিষয়।

*সুপার টিপ্স: প্রয়োগ ও উচ্চতর দক্ষতার প্রশ্নের উত্তরের জন্য অনুরূপ যে প্রশ্নের উত্তরটি জানা থাকতে হবে—*

**গ** মূলধন সংগ্রহ, চাহিদা বিশ্লেষণ, কারিগরি দক্ষতা প্রভৃতি বিষয়ে আলোচনা করো।

**ঘ** কুটির শিল্পের গুরুত্ব উপস্থাপন করো।

**প্রশ্ন ▶ ৭** সুলতান একজন বেকার লোক। তার প্রতিবেশী বন্ধুর পরামর্শে যুব উন্নয়ন প্রশিক্ষণ কেন্দ্র থেকে প্রশিক্ষণ নিয়ে বেতের চেয়ার ও ঝুড়ি বানানো শুরু করেন। এ কাজে পরিবারের আরও দু-চারজন সদস্য তাকে সাহায্য করে এবং সে বেশ সফলতা অর্জন করে। *◀ শিখনফল-১*

ক. শ্রমঘন শিল্প কোনটি? ১

খ. কুটির শিল্প বলতে কী বোঝায়? ব্যাখ্যা করো। ২

গ. সুলতানের কাজটি কোন ধরনের শিল্প? ব্যাখ্যা করো। ৩

ঘ. সুলতানের শিল্পটি কীভাবে বেকার জনগোষ্ঠীকে দারিদ্র্য ও বেকারত্বের অভিশাপ থেকে মুক্ত করেছে? বিশ্লেষণ করো। ৪

### ৭ নং প্রশ্নের উত্তর

**ক** ক্ষুদ্র, মাঝারি ও কুটির শিল্প হলো শ্রমঘন শিল্প।

**খ** পারিবারিক পরিবেশে স্বল্প মূলধন ও নিজস্ব কারিগরি জ্ঞানের সাহায্যে পরিবারের সদস্যদের মাধ্যমে পরিচালিত শিল্প হলো কুটির শিল্প।

এ ধরনের শিল্প প্রতিষ্ঠানে জমি এবং কারখানা ভবন ছাড়াও অন্যান্য স্থায়ী সম্পদের মূল্য প্রতিস্থাপন ব্যয়সহ ৫ লক্ষ টাকার নিচে হয়। স্বামী-স্ত্রী, পুত্র-কন্যা, ভাই-বোন ও পরিবারের অন্য সদস্যদের সহায়তায় কুটির শিল্প পরিচালিত হয়।

*সুপার টিপ্স: প্রয়োগ ও উচ্চতর দক্ষতার প্রশ্নের উত্তরের জন্য অনুরূপ যে প্রশ্নের উত্তরটি জানা থাকতে হবে—*

**গ** কুটির শিল্পের বৈশিষ্ট্য আলোচনা করো।

**ঘ** কুটির শিল্পের গুরুত্ব লেখো।

## নিজেকে যাচাই করি

### সৃজনশীল বহুনির্বাচনি প্রশ্ন

সময়: ৩০ মিনিট; মান- ৩০

**১. উৎপাদনমুখী বৃহৎ শিল্পের ক্ষেত্রে নিয়োজিত শ্রমিকের সংখ্যা কত?**
K ১০০ জনের বেশি
L ১৫০ জনের বেশি
M ২০০ জনের বেশি
N ২৫০ জনের বেশি

**২. ব্যবসায়ের আকার নির্ধারণ হয় কিসের মাধ্যমে?**
K ক্রয়কৃত জমি
L সংগৃহীত মেশিনারিজ
M বিনিয়োগকৃত মূলধন
N পরিচালকমণ্ডলী

**৩. সিমেন্ট তৈরির কাঁচামাল কোনটি?**
K চুন L বালি
M পাথর N এঁটেল মাটি

**৪. বস্ত্র শিল্প কোন শিল্পের অন্তর্ভুক্ত?**
K নিষ্কাশন L উৎপাদন
M নির্মাণ N সেবা

**উদ্দীপকটি পড়ো এবং ৫ ও ৬ নং প্রশ্নের উত্তর দাও।**
রুনু ৩ জন কর্মী নিয়ে মাটি দিয়ে বিভিন্ন ধরনের শো-পিস তৈরি করে তার দোকানে বিক্রি করেন এবং লাভবান হন। রুনুর প্রতিবেশীরাও উৎসাহিত হয়ে এ ধরনের শিল্প গড়ে তুলেছেন।

**৫. রুনুর শিল্পটি কোন ধরনের?**
K ক্ষুদ্র L কুটির
M মাঝারি N বৃহৎ

**৬. রুনু তার কাজের মাধ্যমে অর্থনীতিতে অবদান রাখবে—**
i. কর্মসংস্থান তৈরিতে
ii. জীবনযাত্রার মান উন্নয়নে
iii. দেশীয় ঐতিহ্য রক্ষায়
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**৭. কোন শিল্পকে খণ্ডকালীন উৎপাদন ইউনিট বলা হয়?**
K বস্ত্র L কুটির
M প্রজনন N খনিজ

**৮. দেশের ইতিহাস ও ঐতিহ্য লালন এবং বিকাশে গুরুত্বপূর্ণ অবদান রাখে—**
i. কুটির শিল্প ii. ক্ষুদ্র শিল্প
iii. বৃহৎ শিল্প
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**৯. কিসের ওপর শিল্পের সাফল্য নির্ভর করে?**
K মূলধনের L দক্ষ শ্রমশক্তির
M আধুনিক প্রযুক্তির N বিদেশি বিশেষজ্ঞের

**উদ্দীপকটি পড়ো এবং ১০ ও ১১ নং প্রশ্নের উত্তর দাও।**
জনাব জহুর মংলা EPZ-এ একটি তোয়ালে কারখানা স্থাপন করেন। সেখানে ১৫০ জন শ্রমিক উৎপাদন কাজে নিয়োজিত রয়েছে।

**১০. জনাব জহুরের তোয়ালে কারখানাটি কোন শিল্পের অন্তর্ভুক্ত?**
K ক্ষুদ্র L মাঝারি
M সেবা N বৃহৎ

**১১. সাধারণত এ ধরনের ব্যবসায়ের আকার নির্ধারণ করা হয়—**
i. বিনিয়োজিত মূলধনের পরিমাণ দ্বারা
ii. ব্যবসায়টি কোন ধরনের পণ্য উৎপাদন করে তার দ্বারা
iii. নিয়োজিত কর্মচারীর সংখ্যা দ্বারা
**নিচের কোনটি সঠিক ?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**১২. কোনটি হস্তশিল্পের অন্তর্ভুক্ত?**
K শো-পিস L জামদানি
M স্কুলব্যাগ N নকশিকাঁথা

**১৩. স্থানীয় চাহিদার ওপর ভিত্তি করে গড়ে ওঠে—**
i. ক্ষুদ্র শিল্প ii. মাঝারি শিল্প
iii. কুটির শিল্প
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**১৪. কুটির শিল্পের প্রধান কর্মী কে?**
K শ্রমিক L পরিবারের সদস্যরা
M খণ্ডকালীন কর্মী N বেতনভুক্ত কর্মী

**১৫. ক্ষুদ্র ও কুটির শিল্পের উৎপাদন ব্যয় কোনটির জন্য কম হয়?**
K সহজ শর্তে মূলধন পাওয়া যায় বলে
L কাঁচামাল সহজলভ্য বলে
M পণ্যের চাহিদা থাকে বলে
N শ্রমিকের পর্যাপ্ত যোগান রয়েছে বলে

**১৬. কুটির শিল্পের বিনিয়োগ সীমা কত?**
K ৫ লক্ষ টাকার কম
L ২০ লক্ষ
M ২৫ লক্ষ N ৫০ লক্ষ

**১৭. স্থানীয় চাহিদার ওপর ভিত্তি করে গড়ে ওঠে—**
i. কুটির শিল্প ii. ক্ষুদ্র শিল্প
iii. বৃহৎ শিল্প
**নিচের কোনটি সঠিক ?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**১৮. রিয়াদের পরিবারের সদস্যরা মিলে মোমবাতি তৈরির কাজ করেন। এটি কোন শিল্পের অন্তর্ভুক্ত?**
K কুটির L ক্ষুদ্র
M বৃহৎ N মাঝারি

**১৯. ক্ষুদ্র শিল্পের সর্বোচ্চ বিনিয়োগ সীমা কত?**
K ১ কোটি L ৫ কোটি
M ১০ কোটি N বিশ কোটি

**উদ্দীপকটি পড়ো এবং ২০ ও ২১ নং প্রশ্নের উত্তর দাও।**
জনাব হাশেম বিদেশ থেকে ফিরে এসে ৫০ লক্ষ টাকা মূলধন নিয়ে তার আশপাশের ২৫ জন লোক নিয়ে একটি পাটের ব্যাগ তৈরির কারখানা দিলেন।

**২০. জনাব হাশেমের ব্যবসায় প্রতিষ্ঠানটি কোন শিল্পের অন্তর্ভুক্ত?**
K ক্ষুদ্র
L উৎপাদনমুখী ক্ষুদ্র শিল্প
M কুটির
N সেবামূলক মাঝারি শিল্প

**২১. জনাব হাশেমের ব্যবসায়টি কীভাবে দেশের অর্থনীতিতে অবদান রাখতে পারবে?**
i. বেশি কর্মসংস্থান সৃষ্টি করে
ii. দেশের ঐতিহ্য রক্ষা করে
iii. বেশি মুনাফা হবে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**২২. 'সতরঞ্জি' কোন ধরনের কুটির শিল্প?**
K মৃৎ L পাটজাত
M খাদ্য N হস্ত

**২৩. চট্টগ্রাম বিভাগের উন্নত জেলা কোনটি?**
K খাগড়াছড়ি L চাঁদপুর
M রাঙামাটি N বান্দরবান

**২৪. উৎপাদনমুখী শিল্পের অন্তর্ভুক্ত—**
i. পণ্য উৎপাদন ii. প্রক্রিয়াজাতকরণ
iii. সংযোজন
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**২৫. গ্রামীণ মহিলাদের কর্মসংস্থান সৃষ্টি করে কোন শিল্প?**
K বৃহৎ L কুটির
M সার N চা

**২৬. কাঁচামালের সহজলভ্যতা নিশ্চিতকরণের জন্য প্রয়োজন কোনটি?**
K বাজারের নৈকট্য
L পরিবহনের সুবিধা
M সরকারি পৃষ্ঠপোষকতা
N পুঁজির সহজলভ্যতা

**উদ্দীপকটি পড়ো এবং ২৭ ও ২৮ নং প্রশ্নের উত্তর দাও।**
জনাব সাদিফ তার পরিবারের সদস্যদের নিয়ে মাটি দিয়ে বিভিন্ন ধরনের শো-পিস তৈরি করে তার দোকানে বিক্রি করেন এবং বেশ লাভবান হন। জনাব সাদিফের প্রতিবেশীরাও উৎসাহিত হয়ে এ ধরনের শিল্প গড়ে তুলেছেন।

**২৭. জনাব সাদিফের শিল্প কোন ধরনের?**
K ক্ষুদ্র শিল্প L কুটির শিল্প
M মাঝারি শিল্প N বৃহৎ শিল্প

**২৮. জনাব সাদিফ তার কাজের মাধ্যমে দেশের অর্থনীতিতে অবদান রাখবে—**
i. কর্মসংস্থান তৈরিতে
ii. জীবনযাত্রার মান উন্নয়নে
iii. দেশীয় ঐতিহ্য রক্ষায়
**নিচের কোনটি সঠিক ?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**২৯. শিল্পের বিকাশ বাধাগ্রস্থ হলে কার পৃষ্ঠপোষকতা প্রয়োজন?**
K উদ্যোক্তার L ব্যাংকের
M সরকারের N প্রভাবশালী ব্যক্তির

**৩০. সরকার কোন সংস্থার মাধ্যমে ক্ষুদ্র ও কুটির শিল্প স্থাপনে সুযোগ-সুবিধা দিয়েছে?**
K বাংলাদেশ শিল্প ঋণ সংস্থা
L বাংলাদেশ উন্নয়ন ব্যাংক
M বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প সংস্থা
N বেসিক ব্যাংক লিমিটেড

## সৃজনশীল রচনামূলক প্রশ্ন

সময়: ২ ঘণ্টা ৩০ মিনিট; মান-৭০

১.▶ জনাব রায়হান তার এলাকায় ও তার তিন বন্ধু মিলে একটি ব্যাংক থেকে ২ কোটি টাকা ঋণ নিয়ে একটি জিন্সের প্যান্ট তৈরির কারখানা স্থাপন করলেন। সেখানে তারা জিন্সের প্যান্ট তৈরি করবেন। তারা সেখানে ২৫ জন শ্রমিক নিয়োগ করলেন। অল্প কিছু দিনের মধ্যে তারা সকলের কাছে সফল উদ্যোক্তা হিসেবে পরিচিতি পেলেন।

ক. কুটির শিল্প কী? ১
খ. শিল্পনীতি বলতে কী বোঝায়? ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকের কারখানাটি কোন ধরনের শিল্প? ব্যাখ্যা করো। ৩
ঘ. উদ্দীপকের জনাব রায়হান ও তার বন্ধুরা কোন সুবিধাটির জন্য সফল উদ্যোক্তা হতে পেরেছিলেন? তোমার মতামত দাও। ৪

২.▶ রাতুল তার পরিবারের সদস্যদের নিয়ে মাটি দিয়ে বিভিন্ন ধরনের শো-পিস তৈরি করে তার দোকানে বিক্রি করে বেশ লাভবান হন। তার দেখাদেখি অন্য প্রতিবেশীরাও উৎসাহিত হন এবং অর্থনৈতিক উন্নতি লাভ করেন।

ক. ব্যাপক অর্থে শিল্পকে কয়ভাগে ভাগ করা যায়? ১
খ. ক্ষুদ্র ও মাঝারি শিল্পের মধ্যে ২টি পার্থক্য লেখো। ২
গ. রাতুলের শিল্পটি কোন ধরনের শিল্প? ব্যাখ্যা করো। ৩
ঘ. দেশের অর্থনৈতিক উন্নয়নে রাতুলের শিল্পের অবদান মূল্যায়ন করো। ৪

৩.▶ জনাব আবুল খায়ের নরসিংদীতে একটি সিমেন্ট কারখানা গড়ে তুলেছেন। নদীপথে চট্টগ্রাম থেকে পাথর সংগ্রহ করে উৎপাদিত সিমেন্ট সারা দেশে সরবরাহ করেন। বর্তমানে তার মুনাফা দিন দিন বাড়ছে। তিনি সরকারি ও বেসরকারি পৃষ্ঠপোষকতায় তার ব্যবসায়ের সম্প্রসারণ করেছেন।

ক. ক্ষুদ্র ও কুটির শিল্পের বিকাশে সরকার কোন সংস্থা গড়ে তুলেছে? ১
খ. সহায়ক পেশা বলতে কী বোঝায়? ব্যাখ্যা করো। ২
গ. জনাব আবুল খায়েরের কারখানাটি কোন শিল্পের অন্তর্গত? ব্যাখ্যা করো। ৩
ঘ. জনাব আবুল খায়েরের শিল্পটি স্থাপনে নরসিংদীকে নির্বাচনের যৌক্তিকতা মূল্যায়ন করো। ৪

৪.▶ জনাব হাজেরার স্বামীর সামান্য আয়ে সংসার চালাতে কষ্ট হয়। তাই তিনি পরিবারের সদস্যদের সহায়তায় আয়বর্ধক কাজে নিয়োজিত হন। তার এ কাজের জন্য স্থায়ী সম্পদের মূল্য প্রতিস্থাপন ব্যয়সহ ৫ লক্ষ টাকার নিচে এবং জনবল সর্বোচ্চ ১০-এর বেশি নয়।

ক. বাংলাদেশে কত সালে জাতীয় শিল্পনীতি আইন প্রণীত হয়? ১
খ. সেবা শিল্প বলতে কী বোঝ? ব্যাখ্যা করো। ২
গ. জনাব হাজেরার আয়বর্ধক কাজটি কোন শিল্পের অন্তর্গত? ব্যাখ্যা করো। ৩
ঘ. পরিবারের সচ্ছলতা বাড়ানো এবং দারিদ্র্য দূরীকরণে জনাব হাজেরার প্রতিষ্ঠিত শিল্পের গুরুত্ব বিশ্লেষণ করো। ৪

৫.▶ সুব্রত দাস তেজগাঁও লেদার টেকনোলজি বিশ্ববিদ্যালয় থেকে পাস করে ৭৫ জন দক্ষ কর্মী নিয়ে সাভারে এলিগেন্ট নামে চামড়া দিয়ে বিভিন্ন সামগ্রী তৈরির একটি কারখানা স্থাপন করেন। তার জমি ও কারখানা ভবন বাদে অন্যান্য স্থায়ী সম্পদের মূল্য ১ কোটি টাকা। অল্প দিনের মধ্যে তিনি ব্যবসায়ে সুনাম অর্জন করেন। তার সফলতা দেখে আরও অনেকে এ ধরনের শিল্প প্রতিষ্ঠায় এগিয়ে আসেন।

ক. উৎপাদনমুখী শিল্প কী? ১
খ. ক্ষুদ্র শিল্প বলতে কী বোঝ? ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকে বর্ণিত মি. সুব্রত দাসের ব্যবসায়টি কোন শিল্পের অন্তর্গত? বর্ণনা করো। ৩
ঘ. মি. সুব্রতের শিল্পটি দেশের অর্থনৈতিক উন্নয়নের ক্ষেত্রে কোন গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে? বিশ্লেষণ করো। ৪

৬.▶ মি. বাহার ও তার ৫ বন্ধুকে নিয়ে একটি পাটকল স্থাপন করেন। এতে তাদের প্রত্যেকের ভূমি ও কারখানা ভবন বাদে খরচ হয় ৬ কোটি টাকা। সেখানে ৩৫০ জন শ্রমিক কর্মরত। তার প্রতিষ্ঠানে উৎপাদিত পণ্যের মান ভালো হওয়ায় দ্রুত চারদিকে সুনাম ছড়িয়ে পড়ে।

ক. শিল্প কী? ১
খ. ক্ষুদ্র ও মাঝারি শিল্পকে কেন জাতীয় ঐতিহ্যের প্রতীক বলা হয়? ২
গ. মি. বাহার ও তার বন্ধুদের প্রতিষ্ঠিত শিল্পটি কোন ধরনের? ব্যাখ্যা করো। ৩
ঘ. মি. বাহার ও তার বন্ধুদের মতো উদ্যোক্তারাই পারে দেশের বেকারত্ব দূর করতে, তুমি কি একমত? তোমার মতামতের পক্ষে যুক্তি দাও। ৪

৭.▶ ইংল্যান্ড ফেরত জনাব রাজীব ৫০ কোটি টাকা প্রাথমিক পুঁজি এবং ৩০০ জনের বেশি শ্রমিক নিয়ে সিলেটে একটি চা প্রক্রিয়াজাতকরণ কারখানা স্থাপন করেন। উক্ত কারখানা আধুনিকীকরণের লক্ষ্যে তিনি জাপান থেকে মেশিন আমদানি করে চা শিল্পকে আরও সমৃদ্ধ করেন। পরবর্তীকালে তিনি সঠিক উৎপাদন ব্যয় নির্ধারণ ও প্রতিযোগিতাপূর্ণ বিক্রয়মূল্য নির্ধারণ করে প্রচুর মুনাফা অর্জনে সক্ষম হন।

ক. শ্রমঘন শিল্প কোনটি? ১
খ. 'জাতীয় অর্থনীতির মূল চালিকাশক্তি হলো ব্যবসায়'— ব্যাখ্যা করো। ২
গ. জনাব রাজীবের শিল্পটি কোন ধরনের? বর্ণনা করো। ৩
ঘ. উদ্দীপকের শিল্পটি স্থাপনে প্রকল্প মূল্যায়নের কোন পদ্ধতি প্রয়োগ করা হয়েছিল? বিশ্লেষণ করো। ৪

৮.▶ জনাব শ্যামল একজন পরিদর্শক। তিনি একটি মিশ্র সার কারখানা পরিদর্শনে যান। উক্ত প্রতিষ্ঠানে সর্বোচ্চ ২৫০ জন শ্রমিক কাজ করে। তিনি জানেন, আমাদের দেশের আর্থ-সামাজিক উন্নয়নে এ ধরনের শিল্পের অবদান দিন দিন বাড়লেও এখনও বেশ কিছু সমস্যা বিদ্যমান।

ক. মৃৎশিল্প কী? ১
খ. বৃৎশিল্প বলতে কী বোঝ? ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকে কোন ধরনের শিল্পের কথা বলা হয়েছে? ব্যাখ্যা করো। ৩
ঘ. উক্ত শিল্পের বিকাশে "প্রচলিত ধ্যান-ধারণাই" একমাত্র অন্তরায়। কথাটির সাথে তুমি কি একমত? যুক্তি দাও। ৪

৯.▶ জনাব রশিদের দৌলতপুরে একটি কোমল পানীয় কারখানা আছে। তার কারখানায় মোট সম্পদের পরিমাণ ১২ কোটি টাকা এবং উক্ত কারখানায় নিয়োজিত শ্রমিকের সংখ্যা ৯০ জন। বর্তমানে প্রতিযোগিতামূলক বাজারে টিকে থাকার জন্য খুলনা শহরের আরও অনেক স্থানে তিনি তার কারখানার শাখা খুলতে চান। এতে তার আরও ১০ কোটি টাকা ব্যয় হবে এবং আরও ১০০ জন শ্রমিকের প্রয়োজন হবে।

ক. সেবা শিল্প কী? ১
খ. 'জনশক্তি রপ্তানি' কোন ধরনের শিল্প? ব্যাখ্যা করো। ২
গ. জনাব রশিদের শিল্পটি কোন ধরনের? ব্যাখ্যা করো। ৩
ঘ. জনাব রশিদ কোন ধরনের শিল্পের কথা ভাবছেন? তার এরূপ ভাবার কারণ বিশ্লেষণ করো। ৪

১০.▶ কমল সাভার EPZ-এ একটি পোশাক তৈরির কারখানায় চাকরি করে। তার মতো আরও পাঁচশ থেকে ছয়শ পুরুষ ও মহিলা সেখানে কাজ করে। এখানে কাজ করতে এসে সে জানল দেশের রপ্তানি আয়ের অধিকাংশ এ শিল্প থেকে অর্জিত হয়।

ক. কুটির শিল্পের প্রধান কর্মী কে? ১
খ. ক্ষুদ্র ও কুটির শিল্পে বাজার নৈকট্য প্রয়োজন হয় কেন? ২
গ. কমল EPZ-এ যে প্রতিষ্ঠানে চাকরি করে সে শিল্পটি কোন ধরনের? ব্যাখ্যা করো। ৩
ঘ. উদ্দীপকের শিল্পটি দেশের অর্থনীতিতে কীরূপ অবদান রাখে? মূল্যায়ন করো। ৪

১১.▶ সোহাগ মিয়া একজন কৃষক। কিন্তু তিনি জালও বুনতে পারেন। তার এলাকাটি সমুদ্র উপকূলীয় অঞ্চলে হওয়ায় তাদের বাজারে জালের চাহিদাও রয়েছে। আবার জালের কাঁচামাল হিসেবে স্থানীয় বাজারে কম দামে সুতাও পাওয়া যায়। গত বছর জমিতে ভালো ফসল হওয়ায় তার হাতে কিছু টাকাও জমা আছে। তাই তিনি অবসর সময়ে জাল তৈরির কথা ভাবছেন।

ক. কুটির শিল্পের শ্রমশক্তি কারা? ১
খ. শ্রম প্রধান শিল্প বলতে কী বোঝায়? ব্যাখ্যা করো। ২
গ. সোহাগ মিয়ার জাল প্রস্তুত কোন শিল্পের অর্ন্তগত? ব্যাখ্যা করো। ৩
ঘ. বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়নে সোহাগ মিয়া কীভাবে অবদান রাখতে পারেন? বিশ্লেষণ করো। ৪

### উত্তরমালা: নিজেকে যাচাই করি

## সৃজনশীল বহুনির্বাচনি প্রশ্ন

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | N | ২ | M | ৩ | M | ৪ | L | ৫ | L | ৬ | N | ৭ | L | ৮ | K | ৯ | L | ১০ | L | ১১ | L | ১২ | N | ১৩ | L | ১৪ | L | ১৫ | L |
| ১৬ | K | ১৭ | K | ১৮ | K | ১৯ | M | ২০ | L | ২১ | K | ২২ | N | ২৩ | L | ২৪ | N | ২৫ | L | ২৬ | K | ২৭ | L | ২৮ | N | ২৯ | M | ৩০ | M |